# ঢাকা, দিনাজপুর, সিলেট, যশোর বোর্ড-২০১৮

বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময়: ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

[দ্রষ্টব্য:— ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম দুটি, কবিতাংশ থেকে ন্যূনতম দুটি, উপন্যাস থেকে ন্যূনতম একটি ও নাটক থেকে ন্যূনতম একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক বিভাগ — গদ্য

**১.** দরিদ্র বাবা-মা তাদের প্রথম সন্তানের নাম রাখে সাজাহান। তাদের স্বপ্ন সাজাহান অনেক বড়ো হবে। কিন্তু আর্থিক অভাব ও শিক্ষা না থাকায় সাজাহান কিশোর বয়সেই কাজে নেমে পড়ে। পাশের গ্রামের কৃপণ ও ধনী আলম সাহেবের বাড়িতে সাজাহান কাজের লোক হিসেবে নিযুক্ত হয়। প্রতিদিন ঘরে ও বাইরে সমান পরিশ্রম করে সাজাহান। কিন্তু পরিশ্রম অনুযায়ী তার ভাগ্যে খাবার জোটে না। একদিন বাজারের টাকা বাঁচিয়ে সাজাহান লাড্ডু কিনে খায়। কিন্তু টাকার হিসাব দিতে না পারায় আলম সাহেব তাকে নির্দয়ভাবে মারে। মনে ক্ষোভ নিয়েও সাজাহান সব সহ্য করে। কারণ সে জানে, সে গরিব-অসহায়।

ক. বিড়াল কমলাকান্তকে কতদিন উপোস করতে বলেছে? ১

খ. "চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শতগুণ দোষী।"— এ কথার তাৎপর্য কী? ২

গ. "উদ্দীপকের সাজাহান ও 'বিড়াল' রচনার বিড়াল একই বিড়ম্বনার অংশীদার।"— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৩

ঘ. "উদ্দীপকটি 'বিড়াল' রচনার ভাবসত্যের যেন প্রতীকী রূপ।"— এ মত কতটা গ্রহণযোগ্য? মূল্যায়ন করো। ৪

Teachingbd24.com

**২.** ▶ নদী কভু পান নাহি, করে নিজ জল,
তরুগণ নাহি খায়, নিজ নিজ ফল।
গাভী কভু নাহি করে নিজ দুগ্ধ পান
কাষ্ঠ দগ্ধ হয়ে করে, পরে অন্নদান।
স্বর্ণ করে নিজ রূপে, অপরে শোভিত
বংশী করে নিজ স্বরে অপরে মোহিত।
শস্য জন্মাইয়া নাহি খায় জলধরে
সাধুর ঐশ্বর্য্য শুধু পরহিত তরে।

ক. নদীকে মনুষ্যত্বের প্রতীক বলেছেন কে? ১

খ. "যা তার প্রাপ্তি তাই তার দান।"— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের মর্মার্থ 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের বক্তব্যের সাথে কতটা সাদৃশ্যপূর্ণ, বিশ্লেষণ করো। ৩

https://teachingbd24.com

ঘ. "উদ্দীপকের বক্তব্য 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের সামগ্রিক ভাবের সংক্ষিপ্ত সার।"— এ মন্তব্যের যথার্থ মূল্যায়ন করো। ৪

৩. ★ মোবারক নিঃসন্তান দরিদ্র কৃষক। সে শীতের কোনো এক সন্ধ্যায় কাজ শেষে ব্যস্তভাবে বাড়ি ফিরছিল। হঠাৎ বড়ো আম বাগানের ভেতর থেকে এক শিশুর কান্নার শব্দ তার কানে এলো। সে একটু এগিয়ে দেখল, এক রুগ্ণ শিশু শুকনো পাতার ভেতর নড়ছে। শিশুটিকে মোবারক বাড়ি নিয়ে এলো এবং স্ত্রী ফরিদাকে ডেকে বলল, "এই নাও, আমাদের শূন্য ঘরের আনন্দ।" দুজনে মিলে শিশুটির নাম রাখল রহমত। শিশুটিকে মোবারক ও ফরিদা সন্তান স্নেহে লালন-পালন করতে লাগল।

ক. 'আহ্বান' গল্পে লেখক বুড়িকে প্রথম কোথায় দেখেছিলেন? ১

খ. 'ওর স্নেহাতুর আত্মা বহুদূর থেকে আমায় আহ্বান করে এনেছে।"— এ উক্তির তাৎপর্য কী? ২

গ. উদ্দীপকের মোবারক দম্পতির মাধ্যমে 'আহ্বান' গল্পের কোন দিকটির প্রতি ইঙ্গিত করা হয়েছে? আলোচনা করো। ৩

ঘ. "উদ্দীপকের অন্তর্নিহিত তাৎপর্য ও 'আহ্বান' গল্পের মূল বক্তব্য একই সূত্রে গাঁথা।"— মূল্যায়ন করো। ৪

৪. ★ 'বিবর্তন' সংস্কৃতিকেন্দ্রে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি তাঁর শুভেচ্ছা বক্তব্যে শিক্ষার্থীদের উদ্দেশে দুটো উপদেশ দিলেন—

i. উচ্চাভিলাষ ও বিলাসিতার কারণে হঠাৎ সিদ্ধান্ত নিয়ে কোনো কাজ করো না। তা তোমাদের বিপদে ফেলবে এবং আজীবন তোমাকে অসুখী করবে।

ii. সাধ ও সাধ্যের মধ্যে সমন্বয় করতে না পারলে পরিণামে দুঃখ পেতে হয়।

ক. মি. লোইসেল ও তার স্ত্রী ঋণ শোধের জন্য কত বছর কষ্ট করেছিলেন? ১

খ. লোইসেলের মনে সর্বদা দুঃখের ছায়া থাকে কেন? ২

গ. উদ্দীপকের প্রথম উপদেশ 'নেকলেস' গল্পের কোন দিকের ইঙ্গিত নির্দেশ করে? বিশ্লেষণ করো। ৩

ঘ. "উদ্দীপকের উপদেশ দুটো 'নেকলেস' গল্পের জীবন দর্শনকে ধারণ করেছে।"— এ মন্তব্য কতটা যৌক্তিক? মূল্যায়ন করো। ৪

Teachingbd24.com

## খ বিভাগ — কবিতা

৫. ▶ হে সুন্দরী বসুন্ধরে, তোমা পানে চেয়ে
কতবার প্রাণ, মোর উঠিয়াছে গেয়ে
প্রকাণ্ড উল্লাস ভরে, ইচ্ছা করিয়াছে
সবলে আঁকড়ি ধরি এ বক্ষের কাছে
সমুদ্র মেখলা পরা তব কটিদেশ;
প্রভাত রৌদ্রের মতো অনন্ত অশেষ
ব্যপ্ত হয়ে দিকে দিকে অরণ্যে ভূধরে
কম্পমান পল্লবের হিল্লোলের পরে
করি নৃত্য সারাবেলা;

ক. 'ঐকতান' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত? ১

খ. "এসো কবি অখ্যাতজনের।"— অখ্যাতজনের কবিকে কেন আহ্বান করা হয়েছে? ২

গ. উদ্দীপকের বর্ণনার সাথে 'ঐকতান' কবিতার যে দিকের মিল দেখা যায়, তা বিশ্লেষণ করো। ৩

ঘ. "উদ্দীপকের চিত্রময় বর্ণনার সাথে 'ঐকতান' কবিতায় চিত্রিত বিশ্ব সৌন্দর্য যেন একাত্মতা লাভ করেছে।"— মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

৬. ★ আমরা চলি সম্মুখপানে
কে আমাদের বাঁধবে?
রইল যারা পিছুর টানে
কাঁদবে তারা কাঁদবে।
ছিঁড়ব বাধা রক্ত পায়ে,
চলব ছুটে রৌদ্রে ছায়ে
জড়িয়ে ওরা আপন গায়ে
কেবলই ফাঁদ ফাঁদবে।

ক. আঠারো বছর বয়স পদাঘাতে কী ভাঙতে চায়? ১

খ. "এ বয়স জানে রক্তদানের পুণ্য।"— এ কথার তাৎপর্য কী? ২

গ. উদ্দীপকের ভাবার্থের সাথে 'আঠারো বছর বয়স' কবিতার কোন দিকের সাদৃশ্য লক্ষণীয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের বক্তব্য ও 'আঠারো বছর বয়স' কবিতার যে ভাবগত মিল রয়েছে, তা কোন অর্থে ইতিবাচক? মূল্যায়ন করো। ৪

teachingbd24.com

https://teachingbd24.com

৭. ★ পরিচয়ে আমি বাঙালি, আমার আছে ইতিহাস গর্বের—
কখনোই ভয় করিনিকো আমি উদ্যত কোন খড়গের।
শত্রুর সাথে লড়াই করেছি, স্বপ্নের সাথে বাস;
অস্ত্রেও শান দিয়েছি যেমন শস্য করেছি চাষ;
একই হাসি মুখে বাজিয়েছি বাঁশি গলায় পড়েছি ফাঁস
আপোষ করিনি কখনোই আমি— এই হলো ইতিহাস।

ক. 'কিংবদন্তি' শব্দের অর্থ কী? ১
খ. "তাঁর পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল।"— বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের ইতিহাস প্রসঙ্গ এবং 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় ঐতিহ্যচেতনার সাদৃশ্য নির্দেশ করো। ৩
ঘ. "উদ্দীপকে প্রতিফলিত সংগ্রামীচেতনা যেন 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার ভাবসত্যের সংহতরূপ।"— এ অভিমত মূল্যায়ন করো। ৪

## গ বিভাগ — সহপাঠ [উপন্যাস : লালসালু]

৮. ★ কাজীপুর গ্রাম থেকে শহর অনেকটা দূরে অবস্থিত। প্রকৃতি উদার হাতে এ অঞ্চলের মানুষকে শস্যে ও সম্পদে সুখী রেখেছে। এ অঞ্চলের মানুষের দিন কাটে ফসলের ক্ষেতে, গৃহস্থালি কাজে, হাসি-উৎসবে ও প্রচলিত বিশ্বাসে। এ গ্রামের মাতব্বর ফরমান আলীর বাড়িতে এক পড়ন্ত বিকেলে মতলব মিয়া নামে অচেনা এক দরবেশের আগমন। দুর্গম পথ পার হয়ে আসা মতলব মিয়ার চোখে-মুখে আশঙ্কা, উদ্বেগ ও স্বপ্নের বিচিত্র আভাস। সবার সামনে সে নিজেকে পির হিসেবে পরিচয় দিয়ে নানা রকম অলৌকিক কর্মকাণ্ডের গল্প বলতে শুরু করে।

ক. 'মরা মানুষ জিন্দা হয় ক্যামনে?'— উক্তিটি কার? ১
খ. "গ্রামের মানুষ যেন রহিমারই অন্য সংস্করণ।"— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের মতলব মিয়া এবং 'লালসালু' উপন্যাসের মজিদ আত্মপরিচয়দানে ও আত্মপ্রকাশে কতটা অভিন্ন? মূল্যায়ন করো। ৩
ঘ. উদ্দীপকের গ্রামজীবন যেন 'লালসালু' উপন্যাসের গ্রামজীবনের খণ্ডিতরূপ— এ মন্তব্য কতটা যৌক্তিক? বিশ্লেষণ করো। ৪

৯. ▶ দিনমজুর আবুল মিয়ার একমাত্র মেয়ে শাহানা। এখন সে বারো বছরের কিশোরী। চেহারাটা একটু রোগা বলে বয়সটা তার ঠিক কত, তা বোঝা যায় না। শাহানা খুব চঞ্চল ও স্বাধীনচেতা। সে উচ্ছল ও হাস্যমুখর। হঠাৎ রইচ ঘটক পাশের গ্রামের রহম আলী নামে এক মধ্যবয়সি পাত্রের প্রস্তাব নিয়ে আসে। শাহানার পিতা অভাবের কথা ভেবে শাহানার বিয়ের এ প্রস্তাবে রাজি হয়। শাহানার দু'চোখে বিস্ময় ও ক্ষোভ। শাহানার স্বপ্নগুলো রহম আলীর আচরণে ও রূঢ়তায় বিচূর্ণ হয়ে যায়।

Teachingbd24.com

ক. আক্কাস গ্রামে কী প্রতিষ্ঠা করতে চেয়েছিল? ১

খ. "ধান দিয়া কী হইব, মানুষের জান যদি না থাকে?"— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের রহম আলী ও 'লালসালু' উপন্যাসের মজিদ চরিত্রের সাদৃশ্য নির্ণয় করো। ৩

ঘ. "উদ্দীপকের শাহানা ও 'লালসালু' উপন্যাসের জমিলার ভাগ্য একই সূত্রে গাঁথা।"— এ মন্তব্য কতটা গ্রহণযোগ্য? মূল্যায়ন করো। ৪

## ঘ বিভাগ — সহপাঠ [নাটক : সিরাজউদ্দৌলা ]

১০. ইতিহাস পথ নিলো কুটিল পদ্মার বাঁকে বাঁকে,
বারুদে জোয়ার লাগে, পীতাজ্ঞা গোঁয়ার বান ডাকে—
এশিয়ার সূর্য ওঠে দোর্দণ্ড প্রতাপ।
আর্তনাদ করে নিতে অগণিত প্রজাপুঞ্জ
বিশ্বাসঘাতক প্রভু নিয়েছে বিদায়;
যে ক্লীব পালাবে তার মুক্তি নেই আর।

ক. সিরাজউদ্দৌলার মায়ের নাম কী? ১

খ. "আমার নালিশ আজ আমার বিরুদ্ধে"— এ উক্তির তাৎপর্য কী? ২

গ. উদ্দীপকের বক্তব্যের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের পটভূমিগত সাদৃশ্য কতটুকু, বিশ্লেষণ করো। ৩

ঘ. "বিশ্বাসঘাতক প্রভু নিয়েছে বিদায়।"— এ উক্তিটি 'সিরাজউদ্দৌলা' নাটকের কাহিনির আলোকে কতটা সত্য? মূল্যায়ন করো। ৪

১১. ▶ 'মেঘনাদবধ কাব্যে'র দেশপ্রেমিক রাক্ষসরাজ রাবণ দেশে শত্রুবেষ্টিত ও অবরুদ্ধ। রামচন্দ্র ও তার বানর সৈন্য লঙ্কা নগরীকে চারদিক থেকে ঘিরে রেখেছে। রাবণের অনুজ বিভীষণ শত্রুসেনাদের সাথে যোগ দিয়ে রাবণের বিপক্ষে দাঁড়িয়েছে। চারিদিকে অবিশ্বাস, প্রতারণা ও বিপর্যয়ের হাতছানি। যুদ্ধক্ষেত্র থেকে বীর পুত্রদের মৃত্যুর খবর আসে তাঁর কানে। বিষণ্ণ ও দ্রোহক্ষুব্ধ রাবণ শত্রুর মোকাবিলা করার জন্য যুদ্ধসাজ নিয়ে রণক্ষেত্রে অগ্রসর হয়। দেশের জন্য এ সংগ্রাম প্রকৃত বীরত্বের মহিমায় উজ্জ্বল।

ক. কার নির্দেশে সিরাজউদ্দৌলাকে হত্যা করা হয়? ১

খ. "শওকত জঙ্গ নবাব হলে সকলের উদ্দেশ্য হাসিল হবে।"— কেন? ২

গ. উদ্দীপকের রাবণ চরিত্রটি 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? বিশ্লেষণ করো। ৩

ঘ. উদ্দীপকের দেশপ্রেম 'সিরাজউদ্দৌলা' নাটকে কীভাবে প্রতিফলিত হয়েছে, তা মূল্যায়ন করো। ৪

teachingbd24.com

সময় — ৩০ মিনিট     পূর্ণমান — ৩০     বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা     বিষয় কোড: ১০১

*[বিশেষ দ্রষ্টব্য:— সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. চাবুকের বাড়ির দিকে নুরুল হুদার আর মনোযোগ দেয়া হয়ে উঠে না কেন?**
ক) আঘাত সয়ে যাওয়ায়
খ) মৃত্যু নিশ্চিত জানায়
গ) মুক্তিযোদ্ধাদের সম্পর্কে গভীর ভাবনায়
ঘ) শরীর অবশ হওয়ায়

**নিচের উদ্দীপকটি পড় এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :**
জাতীয় দলের খেলোয়াড় মুন্না তিন বছরের শিশুপুত্রকে হারিয়ে শোকে মোহ্যমান। না ফেরার দেশে চলে যাওয়া পুত্রের শোক সামলাতে না পেরে সে খেলাধুলা ছেড়ে দিয়েছে। তাইতো সে দেশের মাটিতে অনুষ্ঠিত এশিয়ান গেমসে ফুটবল খেলায় অংশতো নেয়ই নি, এমনকি খেলা দেখতেও যায় নি।

**২. ★ উদ্দীপকের মুন্না 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন চরিত্রের কথা মনে করিয়ে দেয়?**
ক) কবি    খ) কবিভক্ত
গ) কবির স্বামী    ঘ) কবির পুত্র

**৩. ★ উদ্দীপকে ও 'তাহারেই পড়ে মনে' কবিতায় যুগপৎভাবে ফুটে উঠেছে—**
i. নির্লিপ্ততা    ii. স্মৃতিকাতরতা
iii. প্রিয়জন হারানোর বেদনা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) i ও iii
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

**৪. "কেন এ পণ্ডশ্রম, মগজে হানিছ শূল।"— কবি কেন এমন উক্তি করেছেন?**
ক) বিবিধ ধর্মগ্রন্থ সংগ্রহ করায়
খ) ধর্মগ্রন্থ হৃদয়ঙ্গম করতে ব্যর্থ হওয়ায়
গ) বিভিন্ন ধর্মগ্রন্থ মুখস্থ করায়
ঘ) ধর্মের বাণী প্রচার করায়

**৫. সিরাজউদ্দৌলা প্রজাসাধারণের কাছে নিজেকে অপরাধী মনে করার অন্তর্নিহিত কারণ, তিনি—**
ক) প্রজাদের সুখ-স্বাচ্ছন্দ্যের বিধান করতে পারেন নি
খ) ইংরেজদের বাণিজ্য করার অনুমতি দিয়েছেন
গ) ঘসেটি বেগমকে অন্তঃপুরে এনে রেখেছেন
ঘ) মিরজাফরকে যোগ্য শাস্তি দেন নি

**৬. 'ঐকতান' কবিতার কবি অক্ষয় উৎসাহে কী পড়েন?**
ক) প্রবন্ধ    খ) ছোটগল্প
গ) ভ্রমণবৃত্তান্ত    ঘ) কাব্য

**৭. ★ 'লালসালু' উপন্যাসে কোঁচবিদ্ধ হয়ে নিহত হয় কে?**
ক) তাহের    খ) কাদের
গ) ছমিরুদ্দিন    ঘ) আবেদ

**নিচের উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
ধ্বংস দেখে ভয় কেন তোর? প্রলয় নতুন সৃজন বেদন।
আসছে নবীন জীবন হারা অসুন্দরে করতে ছেদন।

**৮. 'আঠারো বছর বয়স' কবিতায় উল্লিখিত আঠারো বছর বয়সের কোন বৈশিষ্ট্যটি উদ্দীপকে ফুটে উঠেছে?**
ক) আত্মপ্রত্যয়    খ) উদ্যম
গ) ঔদ্ধত্য    ঘ) সহনশীলতা

**৯. নিচের কোন চরণে উক্ত বৈশিষ্ট্যটি প্রকাশ পেয়েছে?**
ক) এ বয়স যেন ভীরু, কাপুরুষ নয়
খ) আঠারো বছর বয়স ভয়ঙ্কর
গ) এ বয়স বাঁচে দুর্যোগে আর ঝড়ে
ঘ) এ বয়সে তাই নেই কোনো সংশয়

**১০. নুসরাত শাহের আশরাফপুর শিলালিপি কোন হরফে লেখা?**
ক) আরবি    খ) ফার্সি
গ) তুর্কি    ঘ) উর্দু

**১১. চুরি করার প্রয়োজন নেই বলে কারা চুরি করে না?**
ক) সাধুরা    খ) কৃপণেরা
গ) ধনীরা    ঘ) বিচারকেরা

**নিচের উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:**
আদিব ও শাফিক দুই বন্ধু। আদিব অহংকারী, নির্জীব, পৌরুষশূন্য। অন্যদিকে শাফিক উচ্ছল, রসিক। শাফিক যেকোনো পরিবেশে দ্রুত নিজেকে মানিয়ে নেয়। সে হয়ে ওঠে আলোচনার মধ্যমণি।

**১২. উদ্দীপকের শাফিক 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের প্রতিনিধি?**
ক) অনুপম    খ) হরিশ
গ) বিনু    ঘ) শম্ভুনাথ

**১৩. কোন কারণে উদ্দীপকের আদিব ও 'অপরিচিতা' গল্পে অনুপম সাদৃশ্যপূর্ণ?**
i. অহমিকায়    ii. নিস্পৃহতায়
iii. মেরুদণ্ডহীনতায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) i ও iii
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

**১৪. ★ "গ্রামের ছেলে গ্রামে বাস করবে"— 'আহ্বান' গল্পের এ বাক্যে প্রকাশ পেয়েছে গ্রামের প্রতি/উপর—**
ক) ভালোবাসা    খ) দায়িত্ব
গ) অধিকার    ঘ) আকর্ষণ

**১৫. ★ 'মহাজাগতিক কিউরেটর' গল্পের প্রাণের শুরু হয়েছে কোনটি থেকে?**
ক) ব্যাকটেরিয়া    খ) জীবকোষ
গ) মৃতকোষ    ঘ) ভাইরাস

Teachingbd24.com

১৬. "স্বচক্ষে দেখেছ রক্ষঃশ্রেষ্ঠ, পরাক্রম দাসের!"— নিজেকে 'দাস' বলার পেছনে মেঘনাদের কোন মনোভাবটি ক্রিয়াশীল?
ক) বিনয় খ) বংশ গৌরব
গ) অহমিকা ঘ) হীনম্মন্যতা

১৭. ★ 'লোক লোকান্তর' কবিতায় "আহত কবির গান"— পঙ্ক্তিটিতে কবি আহত কেন?
ক) কবির গায়ে কেউ আঘাত করেছে
খ) কবি সঙ্গীবিহীন বলে
গ) স্বপ্ন ও বাস্তবতার টানাপোড়নে
ঘ) প্রিয়জন হারানোর বেদনায়

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**
মামুন, মার্টিন এবং শম্ভু তিন সহপাঠী। ঈদ উপলক্ষে মার্টিন মামুনের বাড়িতে অসঙ্কোচে যেতে পারলেও শম্ভু যেতে পারে না। তার রয়েছে পারিবারিক বাধা।

১৮. ★ 'আমার পথ' প্রবন্ধ ও উদ্দীপকে উল্লিখিত কোন অভিন্ন কারণে শম্ভু মামুনের বাড়িতে যাওয়া থেকে বিরত থাকে?
ক) ধর্মীয় গোঁড়ামী খ) অন্ধ বিশ্বাস
গ) কৌলীণ্য ঘ) লোকলজ্জা

১৯. ★ উদ্দীপকের শম্ভুর সাথে 'আমার পথ' প্রবন্ধের লেখকের স্বাতন্ত্র্য কীসে?
ক) মানবিকতায় খ) উদারতায়
গ) সংস্কৃতিতে ঘ) জীবন দর্শনে

২০. ★ কোন নদীর কাজল বুকের পলিতে গলিত হেম?
ক) পদ্মা খ) মেঘনা
গ) যমুনা ঘ) সুরমা

২১. মোতাহের হোসেন চৌধুরী বৃক্ষের জীবনের কোন দুটি জিনিস উপলব্ধি করার পক্ষপাতী?
ক) সার্থকতা ও সজীবতা
খ) গতি ও বিকাশ
গ) গতি ও প্রকৃতি ঘ) স্থৈর্য ও নীরবতা

**নিচের উদ্দীপকটি পড় এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**
বেচারার একটা বেশ দুঃখ ছিল। ছেলেপুলে নেই। সৌদামিনীর স্বামী স্থির করলো, আর একটি বিয়েই যুক্তিযুক্ত; অন্তত চেষ্টা করে দেখা যাক। বংশ তো গুম করে দেওয়া চলে না।

২২. উদ্দীপকের সৌদামিনীর স্বামীর মধ্যে 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের মানসিকতা বিদ্যমান?
ক) খালেক ব্যাপারীর খ) দুদু মিয়ার
গ) মজিদের ঘ) মতলুব খাঁর

২৩. ★ উদ্দীপকে এবং 'লালসালু' উপন্যাসে আমাদের সমাজের কোন অসঙ্গতি বিদ্যমান?
ক) স্বেচ্ছাচারিতা খ) বহুবিবাহ
গ) বাল্যবিবাহ ঘ) পুরুষতান্ত্রিকতা

২৪. ★ "দারোগাবাবু এসে বসে আছেন বাবুর সাথে।" "মাসিপিসি" গল্পের এ বাক্যে প্রকাশ পায়—
i. বাবুর সাথে দারোগাবাবুর সুসম্পর্ক রয়েছে
ii. দারোগাবাবুর হুকুম পালন করতে হবে
iii. দারোগাবাবু মাসিপিসির বিচার করতে এসেছেন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. 'বায়ান্নর দিনগুলো' রচনার কথকের সত্তায় কী লক্ষ্য করা যায়?
ক) দৃঢ়চেতা মনোভাব খ) ক্ষমতার লোভ
গ) পরোপকারের মানসিকতা
ঘ) আপোসকামিতা

২৬. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় লক্ষণীয় বিষয়—
i. বাঙালির সংগ্রামী মানসিকতা
ii. বাঙালির স্বাধিকার বোধ
iii. সংগ্রাম বাঙালির ঐতিহ্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. ★ 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় ধানের গন্ধের মতো অস্ফুট কে?
ক) শঙ্খচিল খ) শঙ্খমালা
গ) লক্ষ্মীপেঁচা ঘ) সুদর্শন

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:**
কালাম ভাড়া করা বাড়িতে বসবাস করে। দীর্ঘদিন এক বাড়িতে থাকার সুবাদে বাড়িওয়ালা আনোয়ারের সাথে সুসম্পর্ক গড়ে ওঠে। আনোয়ারের চাচাত ভাই জামিল সম্পত্তির লোভে আনোয়ারকে হত্যা করতে উদ্যত হয়। জামিলের এ তৎপরতা অন্যায় জেনে বাধা দেয় কালাম। অবশেষে জামিলের হাতে নিহত হয় কালাম।

২৮. উদ্দীপকের কালামের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রকে তুলনা করা যায়?
ক) মোহনলাল খ) মিরমদন
গ) সাঁফ্রে ঘ) উমিচাঁদ

২৯. এরূপ তুলনার কারণ, উভয়েই—
i. বহিরাগত
ii. স্বগোত্রীয়ের জন্যে লড়েছে
iii. ন্যায়ের প্রতিষ্ঠা করতে চেয়েছে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. ★ 'সেই অস্ত্র' কবিতায় কবির কাঙ্ক্ষিত অস্ত্র উত্তোলিত হলে কী খাঁ খাঁ করবে না?
ক) ফসলের মাঠ খ) গৃহস্থালি
গ) প্রান্তর ঘ) দিগন্ত

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | গ | ৮ | ক | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ঘ |
| ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | খ |

https://teachingbd24.com